

১
১৯/১১/২০২১
১৯/১১/২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)
২৯, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.১৮.০০০০.০০২.০১.০২২.২১-১৯/১১/২০২১

তারিখঃ ০৩/১১/২০২১ খ্রিস্টাব্দ

অফিস আদেশ


আগামী ১৬-১৮ নভেম্বর ২০২১ এবং ২৩-২৫ নভেম্বর ২০২১ পর্যন্ত হতে উপজেলা পরিষদের কর্মচারীগণের জন্য “উপজেলা পরিষদ প্রশাসন ও আর্থিক ব্যবস্থাপনা প্রশিক্ষণ” কোর্স এর ২টি ব্যাচ (১ম ও ২য় ব্যাচ) সশরীরে আয়োজন করা হয়েছে। কোর্সটি বাস্তবায়নের জন্য কর্মকর্তাগণকে নিম্নরূপ দায়িত্ব প্রদান করা হল-

| ব্যাচ নং | সম্ভাব্য তারিখ | কোর্স পরিচালক | কোর্স সমন্বয়ক | কোর্স উপদেষ্টা |
|----------|------------------|---|--|--|
| ০১। | ১৬-১৮ নভেম্বর'২১ | জনাব মোঃ শফিকুল ইসলাম যুগ্মপরিচালক (প্রশিক্ষণ ও পরামর্শ) | জনাব আবু এখতিয়ার হাশেমী সহকারি লাইব্রেরিয়ান | জনাব সালেহ আহমেদ মোজাফফর মহাপরিচালক এনআইএলজি |
| ০২। | ২৩-২৫ নভেম্বর'২১ | জনাব নাহিদা পারভীন উপপরিচালক (প্রশিক্ষণ ও পরামর্শ) | জনাব মোঃ মাহফুজার রহমান সহকারি গবেষণা কর্মকর্তা | |

০২। কোর্স পরিচালক ও কোর্স সমন্বয়কগণের কার্যপরিধিঃ

- মনোনীত অংশগ্রহণকারীদের অংশগ্রহণ নিশ্চিতকরণ।
- অনুমোদিত হ্যান্ডবুক অনুযায়ী কোর্স পরিচালনা এবং নিয়মিত রুটিন তৈরি ও ই-প্লাটফর্মে আপলোড।
- কোর্স উপদেষ্টার পরামর্শ গ্রহণ করে কোর্স উদ্বোধন ও সমাপনী অনুষ্ঠানের আয়োজন।
- অভিজ্ঞ অতিথি বক্তা নির্বাচন, প্রয়োজনীয় প্রোটকল প্রদান এবং সম্মানী প্রদানের সময় ট্যাক্স সার্টিফিকেট প্রদান।
- প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণপূর্ব ও পরবর্তী মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ এবং প্রশিক্ষক মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ।
- অনুমোদিত বাজেট বিভাজন অনুযায়ী অর্থ ব্যয় ও ব্যয়ের ক্ষেত্রে পিপিআর এর বিধিবিধান অনুসরণ।
- প্রশিক্ষণার্থী কর্তৃক প্রদত্ত কোর্স সংক্রান্ত প্রাপ্ত তথ্য বিশ্লেষণের জন্য মূল্যায়ন বিভাগে প্রেরণ।
- কোর্স সমাপ্তির পনেরো কার্যদিবসের মধ্যে অগ্রীম উত্তোলিত অর্থের ভাউচার, ভ্যাট এবং আয়কর পরিশোধের চালানের অনলাইন ভেরিফিকেশনসহ সমন্বয় বিল হিসাব শাখায় দাখিল এবং পরবর্তী কোর্স উন্নয়নের লক্ষ্যে সুপারিশ প্রদান।

০৩। স্বাস্থ্যবিধি মেনে এবং সামাজিক দূরত্ব বজায় রেখে প্রশিক্ষণ পরিচালনার বিষয়টি কোর্স পরিচালক ও কোর্স সমন্বয়ক নিশ্চিত করবেন।


০৩.১১.২০২১
মোঃ আবু বকর সিদ্দিক
(অতিরিক্ত সচিব)

পরিচালক (প্রশিক্ষণ ও পরামর্শ), এনআইএলজি।

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

- ১। পরিচালক (সকল), এনআইএলজি, ঢাকা।
- ২। যুগ্ম-পরিচালক (সকল), উপপরিচালক (সকল) এনআইএলজি, ঢাকা।
- ৩। সহকারী পরিচালক (সকল), এনআইএলজি, ঢাকা।